# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার শদিয়া বিধানসভা কেন্দ্রের প্রায় ২৭ হাজার আত্মসহায়ক গোষ্ঠীর হিতাধিকারীকে ১০ হাজার টাকা করে চেক প্রদান ।

২) উত্তর লখিমপুরের খেলমাটিতে ৪০ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা ড: ভুপেন হাজারিকার একটি ১৭ ফুট উচ্চতার প্রতিমূর্তি মুখ্যমন্ত্রী ড: শর্মার উন্মোচন ।

৩) রাজ্যের কর্মচারীরা কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের সমহারে যাতে বেতন ও অন্যান্য সুবিধা লাভ করতে পারেন সেজন্য আসামে শীঘ্র অষ্টম বেতন কমিশন গঠনের সিদ্ধান্ত ।
এবং

৪) মহিলা আই সি সি বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগীতার দ্বিতীয় সেমিফাইনালে আজ অষ্ট্রেলিয়ার ভারতকে জয়ের জন্য ৩৩৯ রানের লক্ষ্য নির্ধারণ ।

-----------------------------------------------------------------------------------

মহিলা উদ্যোগীদের সবলীকরণের মাধ্যমে আসামের অর্থনীতি শক্তিশালী করার লক্ষ্যে রূপায়িত মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে আজ শদিয়া বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠির ২৭ হাজার ৫৭৩ জন হিতাধিকারীকে ১০ হাজার টাকা করে চেক প্রদান করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে বলেন যে মহিলারা যাতে সমাজে সম্মানের সঙ্গে বেঁচে থাকতে পারেন তারজন্য রাজ্য সরকার এই প্রকল্প রূপায়ন করছে ।এই পদক্ষেপ মহিলাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলা এবং গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করার ক্ষেত্রে মহিলাদের ভূমিকা সুনিশ্চিত করা তথা সরকারের প্রতিশ্রুতিবদ্ধতাকে প্রতিফলিত

করএ বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।ডঃ শর্মা আজ উত্তর লক্ষিমপুরের খেলমাটিতে ৪০ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা ডঃ ভূপেন হাজারিকার ১৭ ফুট উচ্চতার প্রতিমূর্তি উন্মোচন করেন । মুখ্যমন্ত্রী আগামীকাল লক্ষিমপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের খেলার মাঠে আয়োজিত এক জনসভায় ভাষণ দেবেন এবং ২৮৯ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ২০৫ শয্যা বিশিষ্ট সুপার স্পেশালিটি হাসপাতাল এবং নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।মুখ্যমন্ত্রী আগামীকাল লক্ষিমপুর কেন্সার হাসপাতালের কয়েকটি বিভাগ উদ্বোধন করবেন । এছাড়া মুখ্যমন্ত্রী ডুমডুমা বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠির হিতাধিকারীর মধ্যে চেক বিতরণ করবেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের কর্মচারীরা কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের সমহারে যাতে বেতন ও অন্যন্য সুযোগ সুবিধা লাভ করতে পারে সেজন্য আসামে শীঘ্র অষ্টম বেতন কমিশন গঠন করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা  গতকাল লোকসেবা ভবনে আয়ুষ্মান আসাম - মুখ্যমন্ত্রী লোকসেবক আরোগ্য যোজনা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করে তার ভাষনে একথা জানান । বেতন কমিশন গঠন সম্পর্কে কর্মচারী সংগঠনগুলির কোনো পরামর্শ থাকলে ১৫ দিনের মধ্যে রাজ্যের মুখ্য সচিবকে তা জমা দিতে মুখ্যমন্ত্রী আহ্বান জানিয়েছেন ।উল্লেখ্য সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্মচারীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠন করেছে । কমিশনের নির্দিষ্ট প্রক্রিয়া সম্পন্ন হোয়ার পর শীঘ্র দাখিল করা প্রতিবেদনের ভিত্তিতে বেতন , পারিতোষিক ও অবসরকালীন সুযোগ সুবিধাগুলি বৃদ্ধি করা হবে । মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে রাজ্যে বেতন কমিশন গঠন করে কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের সমহারে বেতন ও সুযোগ সুবিধা দেওয়ার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে , যাতে রাজ্য কর্মচারীরা কেন্দ্রীয় সরকারের ঘোষনা করা দিন থেকেই এই সুযোগ সুবিধা লাভ করতে পারে ।

মূখ্যমন্ত্রীর এই ঘোষনাকে  সারা আসাম  কর্মচারী পরিষদ স্বাগত জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ নতুন দিল্লীতে রেলওয়ে বোর্ডের আয়োজিত এক সভায় ভৈরবী-সাইরাং এবং আরারিয়া-গলগলিয়া নতুন রেল লাইন প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য রেলের দলগুলিকে সম্মানিত করেন । ভৈরবী-সাইরাং নতুন রেল লাইন প্রকল্পের মাধ্যমে প্রথমবারের মতো মিজোরামের রাজধানী আইজলকে দেশের রেল মান চিত্রে সংযুক্ত হয়েছে ।উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি বছরের ১৩ই সেপ্টেম্বর ভৈরবী-সাইরাং প্রকল্পের উদ্বোধন করেন ।

অন্যদিকে আরারিয়া-গলগলিয়া ব্রডগেজ রেল লাইন নির্মানের ফলে বিহার সহ সংলগ্ন অঞ্চলে রেল সংযোগ এবং আঞ্চলিক বিকাশে গতি এসেছে ।

---------------------------------------------------------------------------------------

আগামীকাল মুক্তি পেতে যাওয়া সংগীত শিল্পী জুবিন গার্গের জীবনের শেষ ছবি রৈ রৈ বিনালের মাধ্যমে  এমাসে সংগ্রহ করা জি এস টির অর্থ কেন্দ্রীয় সরকার কলাগুরু আর্টিষ্ট ফাউন্ডেশনকে ফিরিয়ে দেবে । জুবিন গার্গের পত্নী গরিমা শইকীয়া গার্গের সংগে আলোচনার পর শিল্পীর প্রতিষ্ঠা করা কলাগুরু আর্টিষ্ট ফাউন্ডেশনকে এই অর্থ প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয় ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা  গতকাল দিসপুরে লোকসেবা ভবনে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।ড: শর্মা বলেন যে আসামে কোনো ছবির জন্য মনোরঞ্জন কর নেওয়া হয়না যদি ও কেন্দ্রীয় সরকার ছবির টিকিটের বিনিময়ে কর সংগ্রহ করে । একশ টাকার ও অধিক মূল্যের টিকিটে ১৮ শতাংশ ও একশ টাকার ও কম মূল্যের  টিকিটে ৫ শতাংশ জি এস টি কর সংগ্রহ করা হয় । এমাসের পর সংগ্রহ করা মোট জি এস টির ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ফিরিয়ে দিবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

মহিলা আই সিসি বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগীতার  নবী মুম্বাই এর ড: ডি ওয়াই পাতিল স্পোর্টস  একাডেমী খেলার মাঠে অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনালে আজ অষ্ট্রেলিয়া ভারতকে জয়ের জন্য ৩৩৯ রানের লক্ষ্য নির্ধারণ  করে দিয়েছে । অষ্ট্রেলিয়া টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়ে ৪৯ ওভার ৫ বলে সবকটি উইকেট হারিয়ে ৩৩৮ রান সংগ্রহ করে । দলটির হয়ে ফবি লিটসফিল্ড  সর্বাধিক ১১৯ রান করা সহ এসলে গার্ডনার ৬৩ রান করে । ভারতের নাল্লাপুরেড্ডী  সরণী ও দিপ্তী শর্মা দুটিকরে উইকের দখল করেছে এবং ক্রান্তি গৌড়  , অমনজোত কৌর ও রাধাযাদব একটি করে উইকেট লাভ করেছে ।

শেষ পাওয়া খবর অনুযায়ী জবাবে ভারত  ব্যাট করতে নেমে  ৬ ওভারে ১ উইকেট হারিয়ে ৩৮ রান করেছে ।

---------------------------------------------------------------------------------------

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আগামীকাল কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচরে এক পদযাত্রার আয়োজন করা হয়েছে । এই পদযাত্রা আগামীকাল সকাল ৮ টায় শিলচর ডি এস এ ময়দান থেকে বের হয়ে গান্ধীবাগ , ক্ষুদিরাম মুর্তি , জানিগঞ্জ , নাহাটা পয়েন্ট হয়ে আবার গান্ধিবাগে এসে মিলিত হবে ।এই পদযাত্রায় স্কুল কলেজের ছাত্রছাত্রী , সরকারী কর্মচারী , জেলা

প্রশাসনের কর্মকর্তা , সমাজকর্মী , এন সি সি ’র কেডেট ,বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগেও আগামীকাল সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালিত হবে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে হাইলাকান্দি শহরে আগামীকাল সকাল সাড়ে সাতটায় একতা দৌড় নামক পদ যাত্রার আয়োজন করা হয়েছে । সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে পক্ষকালব্যাপী কার্য্যসূচী সফল করতে আজ সাংসদ কৃপানাথ মালার পৌরহিত্যে আয়োজিত সভায় আগামী ১৫ দিন জাতীয় অখন্ডতার শপথ গ্রহন , সাংস্কৃতিক অনুষ্টান , সাফাই অভিযান, বৃক্ষরোপন , স্বাস্থ্য শিবির ,অমৃত সরোবর সাফাই অভিযান কার্যসূচী গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আকাশবাণীর জনপ্রিয় উপস্থাপক , আবৃত্তিকার , অভিনেতা , গীতিকার , সুরকার সৈয়দ শাদুল্লা আজ শেষ নিঃশ্বাষ ত্যাগ করেন । প্রয়াত শাহদুল্লা আকাশবাণী ডিব্রুগড় কেন্দ্র থেকে প্রচারিত প্রথম আঞ্চলিক সংবাদের পরিবেশক ছিলেন ।তিনি অসমীয়া এবং ইংরাজী দুটি ভাষায় অংশকালীন সংবাদদাতা হিসেবে কাজ করে গেছে । অবসর গ্রহণ করার পর তিনি তিনি ডিস্কোভারি ও ন্যাশনেল জিওগ্রাফিক চ্যানেল সঙ্গে জড়িত ছিলেন এবং ১০০’র বেশী তথ্যচিত্রে ইংরাজীতে কন্ঠদান করেছিলেন ।তাঁর নশ্বর দেহ আজ ডিব্রুগড়ে নিয়ে আসা হয়েছে এবং আগামীকাল ডিব্রুগড়ে তাঁর জানাজা সম্পন্ন করা হবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যে ২০০৮ সালের ৩০ শে অক্টোবর সংগঠিত উগ্রপন্থীর ধারাবাহিক বোমা বিস্ফোরণের ঘটনার আজ ১৭ বছর সম্পূর্ন হয়েছে । গৌহাটী , কোকরাঝার , বঙাইগাও ও বরপেটা রোডে সংগঠিত বোমা বিস্ফোরণে বহু লোকের মৃত্যু হয়েছিল । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উগ্রপন্থী দ্বারা সংগঠিত ধারাবাহিক বিস্ফোরণে প্রাণ হারানো লোকেদের গভীর শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা সহ তাদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন । গৌহাটী মহানগরের গণেশগুরিতে এই ঘটনায় মৃত্যু হোয়া লোকেদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের উদ্দেশ্যে সন্ধ্যায় বাতি প্রজ্জ্বলন করা হয় । সারা আসাম ছাত্র সংস্থা আজ সমগ্র রাজ্যে বোমা বিস্ফোরণে নিহত লোকেদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের উদ্দেশ্যে অনুষ্ঠানের আয়োজন করেছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের মুন্ডমালা খেলার মাঠে শুশ্রূষা সেতু প্রকল্পের অধীনে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করে বলেন যে দুস্থ জনসাধারনের স্বাস্থ্য সেবার মান উন্নত করার জন্য এই শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল সহ করিমগঞ্জ সিভিল হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকরা রোগীর স্বাস্থ্য পরীক্ষা করেন । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ও যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং শিবিরে উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------